<u>বিজ্ঞপ্তি</u>

# আর্মি মেডিকেল কলেজ

(চট্টগ্রাম, কুমিল্লা, যশোহর,বগুড়া এবং রংপুর সেনানিবাস)

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বেসরকারি আর্মি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

**বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত 'মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ইউনিট এ এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৫' অনুযায়ী বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের অনলাইনে নির্ধারিত ছকে আবেদন আহ্বান করা হচ্ছে:**

১। আর্মি মেডিকেল কলেজসমূহে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের Online Form-এর মাধ্যমে অনলাইনে (https://afmc.edu.bd/admission) আবেদন করতে হবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মধ্য হতে মোট ১৪০ ও তদুর্ধ নম্বর প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহন করতে পারবেন।

২। অনলাইনে আবেদন পুরণ করার সময় বিস্তারিত নির্দেশাবলি **www.afmc.edu.bd** ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। আবেদন ফি ১০০ (একশত) টাকা জমা দিতে হবে।

| | | | |
|---|---|---|---|
| ৩। | অনলাইনে বিজ্ঞপ্তি প্রকাশ | : | ০৭-০২-২০২৫ |
| ৪। | অনলাইন আবেদন শুরুর তারিখ | : | ১৫-০২-২০২৫ (সকাল ১০০০ ঘটিকা) |
| ৫। | অনলাইন আবেদনের শেষ তারিখ | : | ০৯-০৩-২০২৫ (রাত ১১৫৯ ঘটিকা) |
| ৬। | আবেদনের ফি জমাদানের শেষ তারিখ | : | ০৯-০৩-২০২৫ (রাত ১১৫৯ ঘটিকা) |
| ৭। | ভর্তি শুরুর তারিখ | : | ১৬-০৩-২০২৫ |
| ৮। | ভর্তির শেষ তারিখ | : | ২৪-০৩-২০২৫ |

৯। আর্মি মেডিকেল কলেজে ভর্তির ক্ষেত্রে প্রণীত নীতিমালা অনুসরণ করা হবে।

১০। অনলাইন আবেদন: শিক্ষার্থীকে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ ও ০৫টি আর্মি মেডিকেল কলেজে এমবিবিএস ভর্তি পরীক্ষার জন্য ব্যবহৃত রোল নং এবং ইউজার আইডি-এর মাধ্যমে Online Form-এর মাধ্যমে অনলাইনে (https://afmc.edu.bd/admission) আবেদন করতে হবে। আর্মি মেডিকেল কলেজে ভর্তির জন্য আবেদন করার সময় প্রর্থীরা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষায় আবেদন করার জন্য যে প্রমাণপত্র ব্যবহার করেছেন তা সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে যাচিত হবে।

১১। Online Form-এ প্রদর্শিত আর্মি মেডিকেল কলেজসমূহ হতে তার পছন্দের ০১টি আর্মি মেডিকেল কলেজের জন্য ০১টি আবেদন করবে এবং প্রার্থী ইচ্ছা করলে পৃথকভাবে একাধিক আর্মি মেডিকেল কলেজে আবেদন করতে পারবে (সর্বোচ্চ ৫টি)। প্রতিটি আবেদনের জন্য আলাদা আলাদা আবেদন ফি প্রদান করতে হবে। পরবর্তীতে আবেদনের পছন্দ ও মেধা অনুযায়ী যোগ্য শিক্ষার্থীর তালিকা প্রকাশ করা হবে। আগামী ১৬ মার্চ হতে নির্বাচিত প্রার্থীগণ স্ব স্ব মেডিকেল কলেজে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন।

১২। আসন খালি থাকা সাপেক্ষে শূন্য আসনে মেধাক্রম অনুসারে ভর্তি করানো হবে।

১৩। **অনলাইন আবেদনপত্র পূরণের নিয়মাবলি:**

১৪.১ অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভালভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে দাখিল করতে হবে।

১৪.২ ভর্তিচ্ছু মেডিকেল কলেজসমূহের নামগুলো যেকোনো একটিকে বাছাই করবেন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে।

১৪.৩ সঠিকভাবে আবেদনপত্র পূরণ হলে Online Form-এ পূরণ করে Submit Button এ ক্লিক করতে হবে। বিকাশের মাধ্যমে ফি জমা দিতে হবে।

**১৪.৪ ফি জমা দেয়ার পদ্ধতি:**

**আবেদনের সময়:**

বিকাশের মাধ্যমে পেমেন্ট অপশনে গিয়ে ০১৭৬৯০১৬৮০৮ নাম্বারে প্রেরণ করতে হবে: বিকাশ Transaction সফল হলে TrxID টি Online Form-এ নির্দিষ্ট স্থানে লিখে দেন।

১৫। কলেজ ভিত্তিক নির্বাচিত ভর্তিচ্ছু শিক্ষার্থীকে আবেদনপত্রে যে সকল তথ্য ও সনদপত্র উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই দাখিল করতে হবে। ভর্তির সময় সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড নির্বাচিত শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করবেন এবং স্থানীয় ভর্তি কমিটি প্রয়োজনীয় কাগজপত্রাদি যাচাই বাছাই করে যোগ্য শিক্ষার্থীদের ভর্তির সুপারিশ করবেন। ভর্তির পর প্রত্যেক কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে সত্যতা যাচাই করবেন।

১৬। চূড়ান্তভাবে ভর্তি সম্পন্নের পর কোনো শিক্ষার্থীকে ইন্টার্ণশীপ শেষ না হওয়া পর্যন্ত কোনোভাবেই ভর্তিকৃত এক সরকারি বা বেসরকারি মেডিকের কলেজ হইতে অন্য মেডিকেল কলেজ এ বদলি হওয়া বা করা যাবে না।

১৭। এমবিবিএস কোর্সের শিক্ষার্থীদেরকে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম সম্পাদন করিতে হইবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল কলেজ হাসপাতালে বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সম্পন্ন করা সকলের জন্য বাধ্যতামূলক। কোনোক্রমেই অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টার্ণশীপের জন্য মাইগ্রেশন করা যাইবে না।

১৮। আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, আর্মি মেডিকেল কলেজ নির্ধারণ ও চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে।

১৯। নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা কলেজ নির্ধারনে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন /কলেজ নির্ধারন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২০। যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্ট (এডব্লিউটি)
প্রযত্নেঃ সেনাসদর, এজি'র শাখা
কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর
ঢাকা সেনানিবাস

তারালাপনীঃ সামরিক-২৫৪৪

২৩.০১.৯০১.০৩৯.০৭৪.২২.২৭.০৩.২৩ 29 মার্চ ২০২৩

**আর্মি মেডিক্যাল কলেজের শিক্ষার্থীদের ফি পুনঃনির্ধারণ প্রসঙ্গে**

বরাতঃ

ক। এডব্লিউটি, এডুকেশন ডিভিশন পত্র নং ৪৭২৫/আর/মেডিকেল তারিখ ০৩ নভেম্বর ২০১৯।

খ। আর্মি ওয়েলফেয়ার ট্রাস্ট (এডব্লিউটি) প্রযত্নেঃ সেনাসদর, এজি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর পত্র নং ৪৭২৫/২/এএমসি/পলিসি/এডব্লিউটি তারিখ ১৬ অক্টোবর ২০২২।

গ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ প্রজ্ঞাপন নং-৫৯.০০.০০০০.৯৪১.০৬.০০২.২৩.৭৫ তারিখ ১৬ ফেব্রুয়ারি ২০২৩।

ঘ। আর্মি ওয়েলফেয়ার ট্রাস্ট (এডব্লিউটি) প্রযত্নেঃ সেনাসদর, এজি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর মন্তব্যপত্র নং ৪৭২৫/২/মেডিকেল তারিখ ২৩ মার্চ ২০২৩ (সকলকে নয়)।

১। বরাত ক এবং খ মোতাবেক আর্মি মেডিক্যাল কলেজসমূহের ভর্তি এবং অন্যান্য সকল প্রকারের ফি নির্ধারিত রয়েছে। বরাত গ এর প্রেক্ষিতে বরাত ঘ এর অনুমোদনক্রমে বর্তমান প্রচলিত ফি এর স্থলে শুধুমাত্র সরকার কর্তৃক নির্ধারিত ফি বৃদ্ধি পূর্বক বেসামরিক ব্যক্তিবর্গের সন্তানদের জন্য ৩৫,৩৯,০০০.০০ (পঁয়ত্রিশ লক্ষ উনচল্লিশ হাজার মাত্র) টাকা এবং বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত এবং অবসরপ্রাপ্ত সদস্যবৃন্দের সন্তানদের জন্য ৩২,০৯,০০০.০০ (বত্রিশ লক্ষ নয় হাজার মাত্র) টাকা পুনঃনির্ধারণ করা হলো। বিস্তারিত ক্রোড়পত্র ক'তে প্রদত্ত হলো।

২। পুনঃ নির্ধারিত ফি ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী (৯ম ব্যাচ) এবং অধ্যয়নরত শিক্ষার্থীদের (৮ম ব্যাচ পর্যন্ত) জন্য ১ জুলাই ২০২৩ তারিখ হতে কার্যকর হবে।

৩। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

mehdi

**মোঃ মেহেদী হাসান**
লেঃ কর্ণেল
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

ক্রোড়পত্রঃ

ক। আর্মি মেডিক্যাল কলেজের শিক্ষার্থীদের ফি পুনঃ নির্ধারণ ।

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রম ঃ

এডুকেশন ডিভিশন
এডব্লিউটি প্রধান কার্যালয়, ঢাকা সেনানিবাস
অবগতি ঃ
এরিয়া সদর দপ্তর বগুড়া, চট্রগ্রাম, কুমিল্লা, যশোর এবং রংপুর
আর্মি মেডিক্যাল কলেজ বগুড়া, চট্রগ্রাম, কুমিল্লা, যশোর এবং রংপুর

অভ্যন্তরীণঃ
এজি'র শাখা (সমন্বয়)
মেডিক্যাল পরিদপ্তর



E:\Edn Inst-2022\1. All Medical College\Admission Fee 2023.docx

ক্রোড়পত্র ক
আর্মি ওয়েলফেয়ার ট্রাস্ট (এডব্লিউটি)
প্রযত্নেঃ সেনাসদর, এজি'র শাখা কল্যাণ ও
পুনর্বাসন পরিদপ্তর পত্র নং
২৩.০১.৯০১.০৩৯.০৭৪.২২.২৭.০৩.২০২৩
তারিখ ঃ ২৭ মার্চ ২০২৩

## আর্মি মেডিক্যাল কলেজের শিক্ষার্থীদের ফি পুনঃ নির্ধারণ

| ক্রমিক | খাত | বেসামরিক | সামরিক (চাকুরীরত/অবসরপ্রাপ্ত) | মন্তব্য |
|---|---|---|---|---|
| **১ম বৎসর** | | | | |
| ১। | ভর্তি | ১৯,৪৪,০০০.০০ | ১৬,৭৪,০০০.০০ | এককালীন |
| ২। | ইন্টার্ণ | ১,৮০,০০০.০০ | ১,৮০,০০০.০০ | এককালীন (৬ষ্ঠ বৎসরে ফেরতযোগ্য) |
| ৩। | টিউশন | ১০,০০০X১২ = ১,২০,০০০.০০ | ৯,০০০X১২ =১,০৮,০০০.০০ | এককালীন (তবে কেউ এককালীন দিতে না পারলে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদেয়)। |
| ৪। | লাইব্রেরী | ১,০০০X১২ = ১২,০০০.০০ | ১,০০০X১২=১২,০০০.০০ | |
| ৫। | খেলাধুলা | ১,০০০X১২ = ১২,০০০.০০ | ১,০০০X১২=১২,০০০.০০ | |
| ৬। | আউটফিট | ১,০০০X১২ = ১২,০০০.০০ | ১,০০০X১২=১২,০০০.০০ | |
| ৭। | মেসিং | ৬,৫০০X১২=৭৮,০০০.০০ | ৬,৫০০X১২=৭৮,০০০.০০ | |
| ৮। | লন্ড্রি | ৫০০X১২=৬,০০০.০০ | ৫০০X১২=৬,০০০.০০ | |
| ৯। | ছাত্রাবাস | ২,০০০X১২=২৪,০০০.০০ | ২,০০০X১২=২৪,০০০.০০ | |
| ১০। | ম্যাগাজিন | ১০,০০০.০০ | ১০,০০০.০০ | বাৎসরিক |
| ১১। | বনভোজন | ১,০০০.০০ | ১,০০০.০০ | |
| ১২। | শিক্ষা সফর | ১০,০০০.০০ | ১০,০০০.০০ | |
| **মোট** | | **২৪,০৯,০০০.০০ টাকা** | **২১,২৭,০০০.০০** | |
| **২য় থেকে ৪র্থ বৎসর পর্যন্ত** | | | | |
| **১৩।** | পুনঃ ভর্তি | ১০,০০০X৩ =৩০,০০০.০০ | ১০,০০০X৩ =৩০,০০০.০০ | |
| **২য় থেকে ৫ম বৎসর পর্যন্ত** | | | | |
| **১৪।** | ক্রমিক ৩ হতে ১১ এর যোগফল | ২,৭৫,০০০X৪=১১,০০,০০০.০০ | ২,৬৩,০০০X৪=১০,৫২,০০০.০০ | |
| সর্বমোট (২৪,০৯০০০.০০+৩০,০০০.০০+১১,০০,০০০.০০) = **৩৫,৩৯,০০০.০০ টাকা** | | | ২১,২৭,০০০.০০+৩০,০০০.০০+ ১০,৫২,০০০.০০=**৩২,০৯০০০.০০** | |
| **৬ষ্ঠ বৎসর (ইন্টার্ণশীপ কালীন)** | | | | |
| ১৫। | ক্রমিক ২ বিয়োগ ৪,৫,৭,৮,৯ ও ১০ এর যোগফল (১,৮০,০০০-১,৪২,০০০) | #৩৮,০০০.০০ (ফেরতযোগ্য) | #৩৮,০০০.০০ (ফেরতযোগ্য) | |

\# নোট ঃ ক্রমিক ২ এ বর্ণিত ইন্টার্ণশীপ ভাতা ৬ষ্ঠ বৎসরে প্রতিমাসে ১৫,০০০.০০X১২=১,৮০,০০০.০০ টাকা ফেরতযোগ্য। তবে যদি ইন্টার্ণশীপ ডাক্তারদেরকে সংশ্লিষ্ট আর্মি মেডিক্যাল কলেজ কর্তৃক ক্রমিক ৪,৫,৭,৮,৯ ও ১০ এ বর্ণিত লজিষ্টিকস্ সহায়তা প্রদান করা হয় সেক্ষেত্রে শুধুমাত্র ক্রমিক ১৫ এ বর্ণিত ৩৮,০০০.০০ টাকা ফেরতযোগ্য।



E:\Edn Inst-2022\1. All Medical College\Admission Fee 2023.docx